শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো

গোলক ধাঁধা

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

			7		4		5	
		6		1				
8			6					2
		5	9					7
	8			2			3	
9					8	6		
4					3			5
				7		8		
	7		4		2			

গতকালের সমাধান

3	2	6	4	9	8	7	1	5
4	8	1	7	5	6	9	2	3
5	7	9	2	3	1	8	6	4
7	3	5	8	2	4	1	9	6
6	4	2	9	1	7	3	5	8
1	9	8	5	6	3	2	4	7
9	5	4	3	8	2	6	7	1
8	6	7	1	4	9	5	3	2
2	1	3	6	7	5	4	8	9

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৭ ডিগ্রি ও ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৬ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫১শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।২১, **সূর্যাস্ত:** ঘ ৫।৫৫। **জোয়ার:** বেলা ৫.২১। **ভাটা:** বিকাল ৫.৫৫।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
খাঁকা সোনা (১০ গ্রাম):	২৯,১৪৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৭,৬৬০
হলমার্কগহনা:	২৮,০৬৫
(২২ ক্যারেট ১০ গ্রাম):	
রুপোর বাট (প্রতি কেজি):	৪২,৩০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪২,৪০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা))

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 64.4418
INR / 1 Euro	: 68.2503
INR / 100 Jap. YEN	: 57.8700
INR / 1 Pound Sterling	: 79.8563

শেয়ারসূচক

BSE	29,575.74	▼-130.87
NIFTY	9181.45	▼-16.85

শব্দলিপি- ৮৫৪



শুরুপ্রসাদ ঘোষাল

পাশাপাশি ঃ ১। প্রেম ৪। 'নায় এ — খেলা' ৬। অনুতাপ ৭। ভূত ভবিষ্যৎ ও বর্তমান সম্পর্কে পান্ডিত্য ৯। বিপদের সময় ১১। চকচকে উজ্জ্বল দীপ্ত ১৩। হত্যা ১৪। সৌভাগ্যবান

উপরনীচ ঃ ২। কবির লগ্ন ৩। যে পত্রিকা সন্ধ্যায় প্রকাশিত হয় ৪। 'যদি মাতে — উন্মাদ জটাজাল' ৫। পদার্থের গুণাগুণ জানার পাঠ্যপুস্তক ৬। এলাহি ব্যাপার ৮। ঈষৎ কৃষ্ণমিশ্রিত লাল রং ১০। মধুখার ভাব ১২। গোমন্তা

সমাধান ঃ শব্দলিপি - ৮৫৩

পাশাপাশি ঃ ১। উপসর্গ ৩। কপাল ৬। শাকটিক ৮। উদার মন ১০। দানসাগর ১২। রসাতল ১৪। পরশ ১৫। বরবাদ

উপরনীচ ঃ ১। উপর উপর ২। সংসার ৪। পালটি ৫। দশানন ৭। কলুর বলদ ৯। মদালস ১। সারোদ্ধার ১৩। সান্ত্বর

রেল ও হাওড়া পুর নিগমের যৌথ উদ্যোগে নিকাশির সমাধানে টাস্কফোর্স গঠন

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়া স্টেশন সংলগ্ন বেলগাছিয়া অঞ্চলে নিকাশি ব্যবস্থা ঠিকভাবে না হওয়ায় দীর্ঘদিন ধরে নোংরা জল জমে থাকছে। নর্দমাগুলির অবস্থা খুবই সঙ্গিন। কদিন আগেই রেলের আধিকারিকরা তা পর্যবেক্ষণও করে গেছেন। আজ রেলের ডিআরএম আর বদ্রীনারায়ণের সঙ্গে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়র রথীন চক্রবর্তীর একটি সভা হয়। উক্ত সভায় বদ্রীনারায়ণ বলেন, জল জমা একটি সমস্যা, সিভিল বডি ও রেল এক সঙ্গে মিলে এর সমাধান করবে। সেই জন্য তিনটি এজেন্সিকে নিয়ে একটা টাস্কফোর্স তৈরি করা হয়েছে যাতে এক বছরের মধ্যে এই সমস্যা মেটানো যায়। সামনেই বর্ষা, তার উপর মেট্রোর কাজ চলায় সর্বত্র রাস্তা খোঁড়া রয়েছে। এর মধ্যেও যাতে সুষ্ঠুভাবে কাজটি শেষ করা যায় তার রূপরেখা তৈরি করা হয়েছে। উল্লেখিত টাস্কফোর্সে পূর্ব রেল, মেট্রো রেল ও পুরনিগমের একজন করে সিনিয়র আধিকারিক থাকছেন। অন্যদিকে মেয়র বলেন, এ ধরনের প্রয়াস আরও আগে নেওয়া উচিত ছিল। ফরশার রোড উন্নয়নের সময় রেলের সহায়তার কথা মাথায় রেখে নিকাশির ক্ষেত্রে জোট বাঁধতে চাওয়া হয়েছে। গত ২৭ মার্চ যে যৌথ সমীক্ষা হয়েছিল তার ভিত্তিতেই এই জোট বেঁধে কাজে নামার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে শুধু হাওড়াবাসীই নন, আগামীদিনে উপকৃত হবেন হাওড়া স্টেশনে ব্যবসায়িক ও ব্যক্তিগত কাজে আসা বহু মানুষ।

পাঁশকুড়া বার্ডলিবার্ট হাইস্কুলের শতবর্ষ সমাপ্তি অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা,পাঁশকুড়া : পাঁশকুড়া বার্ডলিবার্ট হাইস্কুলের শতবর্ষ উদ্‌যাপন কমিটি ও প্রাক্তন ছাত্র-ছাত্রীদের উদ্যোগে এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করা হয়। কথা গান স্মৃতিচারণা ও নৃত্য সহযোগে এক বর্ণাঢ্য অনুষ্ঠান উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠান আলোকিত করেন স্কুলের প্রাক্তন ছাত্র ও কলিকাতা হাইকোর্টের বিচারপতি রঘুনাথ রায়, মঠ বিষ্ণুপুর শ্রীরামকৃষ্ণ আশ্রমের অধ্যক্ষ স্বামী, স্কুলের প্রাক্তন ছাত্র অধ্যাপক সলিল চন্দ্র দাস, উপসর্গ কমিটির সভাপতি অসিতবরণ সামন্ত, যুগ্ম সম্পাদক আশিস চক্রবর্তী, স্কুলের প্রধান শিক্ষক বনমালী সামন্ত, 'পণ্ডিতস্যার' পুস্তক সহ একাধিক পুস্তকের লেখক সুকেশ কুমার মণ্ডল ও বিশিষ্ট সমাজসেবী সুধীরচন্দ্র সাউ, আনিসুর রহমান আরও অনেকে। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্কুলের শিক্ষক কবি-সাহিত্যিকমানস কুমার দাস। রঘুনাথরায় স্মৃতিচারণা করেন। শতাব্দী প্রাচীন বিদ্যামন্দিরে নিজেকে গড়ে তুলতে পেরে গর্ব অনুভব করেন। ইষ্টানন্দস্বামী শতবর্ষ স্মারক ভবনের দ্বারোদ্ঘাটন করেন এবং মহাত্মা গান্ধির পূর্ণাবয়ব মূর্তি এবং আচার্য জগদীশচন্দ্র বসুর আবক্ষমূর্তির আবরণ উন্মোচন করেন। উৎসব কমিটির পক্ষ থেকে স্কুলের প্রধান শিক্ষক বনমালী সামন্ত ও লেখক সুকেশ কুমার মণ্ডলকে পুষ্পার্ঘ্য, উত্তরীয় ও স্মারকপ্রদান পূর্বক সম্মানিত করা হয়। সুকেশ কুমার মণ্ডল ছাত্র-ছাত্রীদের উদ্দেশে আবেদন জানান, তারা যেন এই বিদ্যামন্দিরের গৌরব জেলা তথা পশ্চিমবঙ্গের উচ্চ শিখরে পৌঁছে দিতে শিক্ষা সাধনায় ব্রতী হন।

ভাগ্যলিপি

মেষ

প্রেম ও ব্যবসার ক্ষেত্রে দিনটা অত্যন্ত শুভ।

বৃষ

হঠাৎ কোনও সুযোগ আসতে পারে। ব্যবসায়ীদের পক্ষে দিনটি ভাল।

মিথুন

নিজের মনের কথা জানানোই এটাই সেরা সময়। কাছে পিঠে সপরিবারে ঘুরে আসতে পারেন।

কর্কট

হঠাৎ কোনও উপহার পেতে পারেন। কর্মক্ষেত্রে প্রশংসা অর্জন করবেন।

সিংহ

কোনও নারীর সাহায্যে সৌভাগ্য অর্জন করতে পারেন।

কন্যা

পরিবারের দিকে আরও সময় দেওয়ার প্রয়োজন।

তুলা

কোনও আনন্দ অনুষ্ঠানে যোগ দিতে পারেন।

বৃশ্চিক

সমমনোভাবাপন্ন ব্যক্তিদের সহচার্য লাভ করবেন।

ধনু

নতুন কোনও সম্পর্কে জড়িয়ে পড়তে পারেন।

মকর

দীর্ঘদিনের কোনও ইচ্ছাপূরণ হতে পারে।

কুম্ভ

দীর্ঘমেয়াদি লক্ষ্যে কাজ শুরু করার পক্ষে এটাই সেরা সময়। সুযোগের সৎ ব্যবহার করুন।

মীন

আজ আপনার ইচ্ছাশক্তি চূড়ান্ত সীমায় থাকবে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

–সম্পাদক

দমকল কেন্দ্রের জমি চিহ্নিত হলেও দমকল মিলল না, হতাশ গুসকরা

নিজস্ব সংবাদদাতা,নদিয়া : দমকল কেন্দ্রের অনুমোদন না মেলায় হতাশ গুসকরা। এলাকাবাসীর আশা ছিল জেলাভাগের মঞ্চ থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী গুসকরার দমকল কেন্দ্র নিয়ে আশার কথা শোনাবেন। তেমনটা না হওয়ায় হতাশ গুসকরার ব্যবসায়ী থেকে সাধারণ মানুষ। অথচ গুসকরাতে একটি দমকল কেন্দ্রের দাবি দীর্ঘদিনের। জানা গেছে, এই দাবির সমর্থনে একাধিকবার রাজ্যের দমকল মন্ত্রীর দফতরে চিঠি চালাচালি হয়েছে। পুরসভার চেয়ারম্যান বুর্বেন্দু রায় জানিয়েছেন যে তারা পুরসভার চার নম্বর ওয়ার্ডের তুরুপডাঙা মৌজায় একটি দমকল কেন্দ্রের জন্য ১ একর ৫ শতক জমি চিহ্নিতকরণ করে রেখেছেন। চেয়ারম্যান বুর্বেন্দু রায় আরও জানিয়েছেন যে জমি নিয়ে আমাদের কোনওরকম সমস্যা নেই। জমির সমস্যা মিটিয়ে ফেলা হয়েছে। তিনি আরও জানিয়েছেন যে দমকল কেন্দ্রটি তৈরি হলে গুসকরা ছাড়াও আউশগ্রামের এক ও দুই, মঙ্গলকোট, এমনকি গলসি এলাকার বিস্তীর্ণ মানুষ উপকৃত হতেন। অথচ এইসব এলাকায় কোনওরকম ঘটনা ঘটলে ভাতার কিংবা বর্ধমান থেকে দমকলকে খবর দিতে হবে। ৩৫ থেকে ৪০ কিমি দূরে অবস্থিত দমকল কেন্দ্র তাই চরম সমস্যায় পড়তে হয় অগ্নিসংযোগ ঘটলে। আবার বর্ধমান থেকে দমকল গাড়িকে আসতে হলে তালিতের গেটে আটক যেতে হয়। ফলে সমস্যা আরও চরম আকার নেয়। তাই গুসকরাতে একটি দমকল কেন্দ্র খুব দরকার, দাবি এলাকাবাসীর। মেমারিতে দমকল হল অথচ গুসকরা পেল না। স্থানীয় বিডিও চিহ্নজিত বসু বলেছেন যে এলাকাতে শীতের পরে জলাশয় শুকিয়ে যায় তাই আগুন লাগলে চরম বেকায়দায় পড়েন সাধারণ মানুষ। আশঙ্কা থেকেই গেল এলাকার মানুষের কাছে। এলাকার মানুষের কথা ভেবে একটি দমকল কেন্দ্র গড়ার জন্য একটি প্রস্তাব পাঠানো হয়েছে। জানি না কী হবে। তবুও উদ্যোগ থাকবে।

সিভিক ভলান্টিয়ারের মৃত্যু ঘিরে চাঞ্চল্য

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: উলুবেড়িয়া থানার এক সিভিক ভলান্টিয়ারের অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়াল উলুবেড়িয়ার কুলগাছিয়ায়। মৃতের নাম অতনু দাস। জানা গেছে আজ সকালে ৯টা নাগাদ বাড়ির জানলা দিয়ে ঝুলন্ত অবস্থায় অতনুকে দেখতে পান এলাকার লোকজন। তারাই খবর দেন উলুবেড়িয়া থানায়। উলুবেড়িয়া থানার পুলিশ ঘটনাস্থলে এসে মৃতদেহটি উদ্ধার করে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে পাঠায়, ময়নাতদন্তের জন্য। ঠিক কী কারণে ঘটল এই ঘটনা, সে ব্যাপারে কিছু বুঝতে পারছে না বলেই জানিয়েছেন অতনুর বাড়ির লোকজন। অতনুর এক বন্ধু সৌভিক পালুই জানান, গতকাল রাতে রাত পর্যন্ত তারা একসঙ্গেই তুলসীবেড়িয়া কালীবাড়িতে ডিউটি করেছে এবং অতনুর ব্যবহারে কোনও অস্বাভাবিকতা নজরে পড়েনি। পাশাপাশি সে এটাও জানায় যে কারও সঙ্গে অতনুর কোনও ঝামেলাও ছিল না। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান এটি একটি আত্মহত্যার ঘটনা। ঠিক কী কারণে এই আত্মহত্যা সেটি তদন্ত করে দেখছে উলুবেড়িয়া থানার পুলিশ।

নবনির্মিত সরকারি কার্যালয়ের উদ্বোধন করলেন মন্ত্রী মন্টুরাম পাখিরা

নিজস্বসংবাদদাতা,কাকদ্বীপ : ভূমি ও ভূমি সংস্কার দফতরের নবনির্মিত ভবনের উদ্বোধন করলেন কাকদ্বীপের বিধায়ক তথা সুন্দরবন উন্নয়ন দফতরের মন্ত্রী মন্টুরাম পাখিরা। উপস্থিত ছিলেন কাকদ্বীপের মহকুমা শাসক রাহুল নাথ, মহকুমার ভূমি ও ভূমি সংস্কার দফতরের আধিকারিক সনৎ কুমার থামাণিক ,কাকদ্বীপ বিএলএলআরও অনিন্দ্য সুন্দর ঘোরা, নামখানা এবং সাগর ব্লকের বিএলএলআরও, কাকদ্বীপ পঞ্চায়েত সমিতির সভাপতি বৃন্দাদেব দাস, বিডিও পার্থ বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্য সরকারি আধিকারিকবৃন্দ মন্ত্রী বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার পরে প্রথম পদক্ষেপ হিসাবে যে সমস্ত গুরুত্বপূর্ণ দফতর ভাড়াবাড়িতে ছিল সেগুলিকে নিজস্ব জায়গায় নিয়ে আসা, ভূমি ও ভূমি সংস্কার দফতর গুরুত্বপূর্ণ দফতর। বহু জায়গায় ভাড়া বাড়িতে, ছোট জায়গায়, গুরুত্বপূর্ণ কাগজপত্র রাখতে হয়। স্বল্প পরিসরে সম্ভব হয় না। অফিসে কর্মীদের ভাল বসার জায়গা থাকে না। যে সমস্ত উপভোক্তা আসেন স্থানাভাবে তাদের সঙ্গে কথাও বলা যায় না। সেজন্য সারা রাজ্যে ব্লক ও পঞ্চায়েত সমিতির কমপ্লেক্সের মধ্যে ভূমি সংস্কার দফতরের বাড়ি তৈরি করে দেওয়া হচ্ছে। মানুষ এক জায়গায় এসে নিজেদের প্রয়োজন মেটাতে পারবেন। নবনির্মিত ভবনটি চারতলা। খরচ প্রায় দু'কোটি টাকা। এখানে মহকুমা ভূমি সংস্কার ও কাকদ্বীপ ব্লক ভূমি সংস্কার দফতরের কাজ হবে।

এদিন প্রায় 'সমাজ সাথী' প্রকল্পের ৬২৫ জন সদস্যাকে বিমা যোজনার কার্ড তুলে দেন মন্ত্রী। বিধায়ক তহবিল থেকে নির্মিত কাকদ্বীপ ব্লক এবং কাকদ্বীপ পঞ্চায়েত সমিতিতে ঢোকার রাস্তায় একটি সুসজ্জিত তোরণের উদ্বোধন করেন মন্ত্রী। একটি স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সহায়ক সরঞ্জামও প্রদান করেন মন্ত্রী।

ঘরে ফিরল মানসিক ভারসাম্যহীন

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : শিক্ষকের মানবিকতায় বাড়ি ফিরতে পারল বীরভূমের এক ভারসাম্যহীন ব্যক্তি গোলক মণ্ডল। বয়স প্রায় ৫৫ বছর। শিক্ষক জগদীশ বাকুলী ফোনে এই প্রতিবেদককে জানান গতকাল সকালবেলা তার বিদ্যালয় নারায়ণতলা ধনেশ্বর শিক্ষা সদনে যাওয়ার জন্য তৈরি হচ্ছিলেন তখন তার স্ত্রী তাকে বলেন একজন লোক তার বাড়ির পাশে শুয়ে আছে। তিনি বেরিয়ে আসেন এবং অনেক চেষ্টা করে জানতে পারেন লোকটি ভারসাম্যহীন। এরপরে তার সঙ্গে কথা বলে জানতে পারেন অনেকদিন খাবার জোটেনি। পরনে সেরকম জামা কাপড় ও নেই। বারবারে লোকটি কিছু খাবার চাইছিল। জগদীশবাবু স্কুলে যেতে

পারেননি। বাড়িতে ওই সময় যা ছিল তাই দেন খেতে। এরপর একটু সুস্থ বোধ করলে অনেক কষ্টে গোলক মণ্ডলের মুখ থেকে জানতে পারেন বাড়ি নদিয়ার ভীমপুর থানার কোনও এক গ্রামে। জগদীশবাবু তার মোবাইল থেকে ওই এলাকার স্বামী বিবেকানন্দ বিদ্যালয়ের এক শিক্ষকের সঙ্গে যোগাযোগ করে সমস্ত ঘটনা জানান। খোঁজ পাওয়ার পর গোলক মণ্ডলের দাদা বনমালী মণ্ডলের। বনমালীবাবু বলেন, ভাইয়ের এক ছেলে হরিয়ানায় থাকে। স্ত্রী আছেন। গত চোদ্দ দিন আগে ভীমপুর থানায় ভাইয়ের নিখোঁজ ডায়েরি করা হয়েছে। জগদীশবাবু গোলক মণ্ডলকে ফেজারগঞ্জ কোস্টাল থানার হেফাজতে রেখেছেন। তিনি বলেন, একজন ভারসাম্যহীন মানুষকে তাঁর পরিবারের কাছে ফিরিয়ে দিতে পেরে আমি তৃপ্ত। রাজ্য বা দেশের নানা প্রান্তে কোনও কোন শিক্ষককে নিয়ে যখন অন্য আলোচনা চলছে ঠিক সেই সময় জগদীশবাবু বোঝালেন শিক্ষক দেরও একটা সামাজিক দায়বদ্ধতা আছে। সেটা অবশ্যই মনে রাখা দরকার। 'লিপি'র সংবাদপত্রের পক্ষ থেকে ধন্যবাদ জগদীশবাবুকেই।

হাওড়া হাসপাতালে রোগীর হয়রানি

নিজস্বসংবাদদাতা, হাওড়া: ফের একবার চিকিৎসা করাতে এসে হয়রানির স্বীকার হতে হল রোগীকে। সোমবার দুপুরে ঘটনাটি ঘটেছে হাওড়া হাসপাতালে। জানা গেছে, পুষ্কর লোহুইনামে এক লকাতের প্লাস্টার কাটতে আসে। অভিযোগ, হাসপাতালের কর্মীরা তার থেকে টাকা চায়। টাকা দিতে অস্বীকার করায় প্রায় তিন ঘণ্টা তাকে দাঁড় করিয়ে রাখা হয়। প্রথমে গরমের মধ্যে তাকে লাইন দিয়ে দাঁড়াতে হয়। তারপর ড্রেসিং রুম থেকেও ফিরিয়ে দেওয়া হয় তাকে। এমারজেন্সিতে গেলে ড্রেসিং রুমে ফিরিয়ে দেওয়া হয়। তারপর ড্রেসিং রুমে গেলে এক কর্মী প্লাস্টার না খুলে মেজাজ দেখাতে থাকে।

NIT, Govt. of West Bengal.
Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block,Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works.
Name of Work:
1. Provision for Antivirus Software with Dedicated Server forTechnical Education, Training & Skill Development Department, Karigori Bhawan, Plot No. B/7, Action Area - III, New Town, Rajarhat, Kolkata - 700 160 [Job No: KIT/OW/11 of 17-18] Tender ID: 2017_WBPWD_108313_1
Tender Reference No: WBPWD/EEKIT/E-NIT-09/T/2017-2018
Bid Submission Closing(Online): 19.04.2017 up to 3 PM.
For details information/downloading/uploading etc. may visit the Website:-https://etender.wb.nic.in or https://wbtenders.gov.in .
Corrigendum or Addendum if issued will be published only on website.
Sd/-
Executive Engineer, PWD
Kolkata IT Division

Change of Name

I, **SHARFUDDIN** , Son of Late Habib Mia, Resident of 1H/2/1, Raja Rajnarayan Street, PS-Narkeldanga, Kolkata-700 009, Shall henceforth be known as **SHARFUDDIN AHMED** vide an affidavit sworn before the notary public at Kolkata on-30/03/2017.

CHANGEOFNAME

I NABIN SINGH AND NABIN MANNA AND MY FATHER NIRMAL KR. SINGH AND NIMAI MANNA R/O JAGATIPOTA, P.O. DHALUA, GOALAPOTA SOUTH 24 PARGANAS W.B.-700150, IS THE SELF SAME AND IDENTICAL PERSON. AT THE TIME OF GETTING ADMISSION IN MY SCHOOL MY NICK NAME NABIN MANNA AND MY FATHER NICK NAME NIMAI MANNA HAD BEEN WRONGLY RECORDED. MY ACTUAL NAME NABIN SINGH AND MY FATHER ACTUAL NAME IS NIRMAL KUMAR SINGH FOR ALL PURPOSE VIDE AN AFFIDAVIT (NO. 2SAA 731706) BY ALIPORE JUDGE COURT, DATED: 5TH JULY 2008

Change of Name

I, **FARHAT JABEEN** , Wife of Md. Shahid Mullick, Resident of 3A, Amartalla Lane, PS-Barabazar, Kolkata-700 001, Shall henceforth be known as **FARHAT MULLICK** vide an affidavit sworn before the notary public at Kolkata on-30/03/2017.

CHANGEOFNAME

I, Supriya Banerjee, S/O N.D. Banerjee proprietor of M/S SREEMA ENGINEERING CO. Change my office address from NH2 Kalipahari Asansol to Purnasri Pally, S.B. Gorai Rd., P.S. Asansol-713301. Affidavit by Notary Public at Asansol Court.

MCX
METAL & ENERGY
Trade with Trust
Multi Commodity Exchange of India Limited
Exchange Square, CTS No. 255, Suren Road, Chakala, Andheri (East), Mumbai – 400 093
CIN: L51909MH2002PLC135594, E-mail: info@mcxindia.com, www.mcxindia.com

NOTICE

NOTICE is hereby given that the following Members of Multi Commodity Exchange of India Ltd. (Exchange) have requested for the Surrender of their Membership of the Exchange:

Sr. No.	Member's Name	MEMBER ID	FMC UMC CODE	SEBI REG. NO.
1	Radhika Commodity Private Limited	35525	MCX/TCM/CORP/1487	NA
2	Ratnabali Commodities Pvt. Ltd	9801	MCX/TCM/CORP/0006	INZ000081634

Any client / constituents having any claim / dispute / complaint against the above Members arising out of the transactions in commodities futures through Exchange may furnish details of their claim in writing enclosing therewith all supporting documents along with Exchange specified "Client Complaint Form" (available at www.mcxindia.com), within 60 days of the publication of this notice to Assistant Vice President – Investor Grievance, Multi Commodity Exchange of India Ltd. (MCX), Exchange Square, CTS No. 255, Suren Road, Chakala, Andheri (East), Mumbai – 400 093 and no such claim / dispute / complaint filed beyond 60 days will be entertained by the Exchange against the above Member(s) and it shall be deemed that no such claim / dispute / complaint exists against the above mentioned Members or such claims / disputes / complaints, if any, shall be deemed to have been waived.

Any claim / dispute / complaint filed against the above mentioned Members within 60 days will be dealt with in accordance with the Bye-Laws, Rules and Business Rules of the Exchange. Authorised Persons (APs), if any, registered through the above mentioned Members cease to exist and therefore, such APs are not authorized henceforth to deal in that capacity.

For Multi Commodity Exchange of India Ltd.
Sd/-
Vice President – Membership & Member Compliance
Place: Mumbai,
Date: April 6, 2017